

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৬৯

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الأول

আরবী

وَعَنْ مُطَرِّفٍ عَنْ أَبِيهِ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَقْرَأُ: (آلَاهَاكُمُ التَّكَاثُرُ)
قَالَ: يَقُولُ ابْنُ آدَمَ: مَالِيٌّ مَالِيٌّ . قَالَ: «وَهَلْ لَكَ يَا ابْنَ آدَمَ إِلَّا مَا أَكَلْتَ فَأَفْنِيْتَ أَوْ
لَبِسْتَ فَأَبْلِيْتَ أَوْ تَصَدَّقْتَ فَأَمْضِيْتَ؟؟» . رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (3 / 2958) - (7420)

(صَحِيحٌ)

বাংলা

৫১৬৯-[১৫] মুস্তারিফ তাঁর পিতা ('আবদুল্লাহ ইবনু শিখখীর (রা.)) হতে বর্ণনা করেন, তিনি বলেন : একদিন
আমি নাবী (সা.) -এর দরবারে আসলাম, এ সময় তিনি সূরাহ (الْكَثُرُ هُكْمُهُ) “ধনের প্রাচুর্য তোমাদেরকে
গাফিল করে রেখেছেন”- (সূরাহ আত্ম তাকা-সুর ১০২ : ১) পাঠ করছিলেন। অতঃপর তিনি (সা.) বললেন: আদম
সন্তান বলে- “আমার মাল, আমার মাল”। তিনি (সা.) বলেন : হে আদম সন্তান! তুমি যা খেয়ে শেষ করে দিয়েছ
অথবা পরিধান করে ছিড়ে ফেলেছ অথবা দান করে সঞ্চয় করেছ এছাড়া কি তোমার কোন সম্পদ আছে?
(মুসলিম)

ফুটনোট

সহীহ মুসলিম ৩-(২৯৫৮), তিরমিয়ী ২৩৪২, নাসায়ী ৩৬১৩, সহীভুল জামি' ৮১৩২, সহীহ আত্ম তারগীব ওয়াত
তারহীব ৩২৩৪, শায়বাহ ৩৪৩৩৯, মুসনাদে 'আবদ ইবনু ভুয়ায়দ ৫১৩, মুসনাদে আহমাদ ১৬৩৪৮, সহীহ ইবনু
হিবান ৭০১, শুআবুল ঈমান ৩৩৩২, আস্ম সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৬৪৪০, আল মুসতাদরাক লিল হাকিম
৩৯৬৯, আস্ম সুনানুল কুবরা লিল বায়হাকী ৭৩৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (هُلْكَ يَا ابْنَ آدَمْ) হে আদম সন্তান! তোমার মাল তো তাই যা তুমি ভক্ষণ করেছ। অর্থাৎ মাল অর্জন করে যা তুমি জমা করে রাখবে তা অন্যে ভোগ করবে। তুমি ভোগ করতে পারবে না। আর যা তুমি ভক্ষণ করেছ তাই ভোগ করেছ। অতএব যা তুমি ভোগ করতে পেরেছ তা তোমার। অনুরূপ যা তুমি পরিধান করেছ এটাও তোমারই। আর যা তুমি দান করেছ তা তুমি আল্লাহর কাছে পাঠিয়ে দিয়েছো তোমার জন্য তা জমা থাকবে। পরকালে তুমি তা ভোগ করবে, অতএব এতটুকুই তোমার মাল। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শিখবীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85149>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন